আজ বুধবার
২৮ মে, ২০২৫,
১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২, ২৯ জিলক্বদ, ১৪৪৬
রেজিঃ নং-কেএন ৩৬৫, ২৯তম বর্ষ, ২০০ সংখ্যা,
০৪ পৃষ্ঠা, মূল্য ০৫ টাকা।
www.loksamaj.com

একটি প্রতিশ্রুতিশীল দৈনিক
লোকসমাজ
eloksamaj.com




ঝিকরগাছায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে মাশরুম মাঠ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ আজাহারুল ইসলাম - লোকসমাজ

# যারা উদ্যোক্তা হতে চাইবে, সরকার তাদের সহযোগিতা করবে
## -জেলা প্রশাসক

ঝিকরগাছা (যশোর) সংবাদদাতা ॥ যশোরের জেলা প্রশাসক মো. আজহারুল ইসলাম বলেছেন, নিরাপদ খাদ্য উৎপাদনই কৃষি বিভাগের মূল লক্ষ্য হওয়া উচিত। তিনি বলেন, বর্তমানে প্রতি বছর ২৬ থেকে ২৭ লাখ শিক্ষার্থী লেখাপড়া শেষ করে বের হলেও, সরকারি, বেসরকারি ও এনজিও মিলিয়ে মাত্র ৪ লাখ মানুষের চাকরির ব্যবস্থা করা সম্ভব হয়। তাই তরুণদের উদ্যোক্তা হতে হবে। যারা উদ্যোক্তা হতে চাইবেন, তাদের সরকারিভাবে সর্বোচ্চ সহযোগিতা করা হবে। ঝিকরগাছায় মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পের আওতায় আয়োজিত মাঠ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

যশোর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে মঙ্গলবার (২৭ মে) বিকেল ঝিকরগাছা উপজেলার অমৃতবাজার মাধ্যমিক বালিকা বিদ্যালয় মাঠে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ মো. মোশাররফ হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর হর্টিকালচার সেন্টারের উপ-পরিচালক কৃষিবিদ দীপঙ্কর কুমার দাস, ঝিকরগাছা উপজেলা নির্বাহী অফিসার ভূপালী সরকার, জেলা প্রশিক্ষণ অফিসার আবু তালহা এবং উপ-পরিচালক উদ্যান প্রতাপ মন্ডল। অনুষ্ঠানের শুরুতে মাশরুম চাষ সংক্রান্ত বিস্তারিত আলোচনা করেন ঝিকরগাছা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো. জাহাঙ্গীর আলম।

এ সময় বক্তব্য রাখেন সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান অধ্যাপক জয়নাল আবেদীন, ঝিকরগাছা প্রেসক্লাবের সভাপতি মো. রফিকুল ইসলাম এবং কৃষক মাশরুম চাষি আলাউদ্দিন প্রিন্স। অনুষ্ঠানটি পরিচালনা করেন ঝিকরগাছা উপজেলা একাডেমিক সুপারভাইজার কামরুজ্জামান। এর আগে অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন অমৃতবাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা আবু সাঈদ এবং গীতাপাঠ করেন স্বপন দাস।